



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৪ অক্টোবর ২০১৭খ্রি.

কুয়েত এর অর্থায়নে আন্দরকিল্লা শাহী জামে মসজিদ আধুনিকায়ন, সংরক্ষণ ও সংস্কার করতে যাচ্ছে ধর্ম মন্ত্রণালয় আধুনিকায়ন, সংরক্ষণ, সংস্কার বিষয়ে গঠিত কমিটির সদস্যবৃন্দ সিটি মেয়রের সাথে বৈঠক

১৬৬৭ খ্রি. প্রতিষ্ঠিত চট্টগ্রাম নগরীর আন্দরকিল্লা শাহী জামে মসজিদ আধুনিকায়ন, সংরক্ষণ ও সংস্কার করতে যাচ্ছে ধর্ম মন্ত্রণালয়। কুয়েতের ১৫০ কোটি টাকায় এ সংস্কার কাজ করবে ইসলামিক ফাউন্ডেশন। এ লক্ষ্যে উচ্চ পর্যায়ের গঠিত কমিটির সদস্যবৃন্দ ৪ অক্টোবর ২০১৭ খ্রি. বুধবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে তাঁর আন্দরকিল্লাস্থ বাসভবনে বৈঠক করেন। বৈঠকে সভাপতিত্ব করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। বৈঠকে ধর্ম মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. হাফিজুর রহমান, স্থাপত্য অধিদপ্তরের অতিরিক্ত প্রধান স্থপতি এস এম জুলকার নাইন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের সহযোগী অধ্যাপক, ড. এস এম নাজমুল ইসলাম, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউটের সদস্য, স্থপতি নাজমুল লতিফ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান নগর পরিকল্পনাবিদ শাহীনুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক আবুল হায়াত মো. তারেক, গণপূর্ত অধিদপ্তরের ডিজাইনার মো. সাঈদ মাহবুব মোর্শেদ, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক মো. আফজাল উদ্দিনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। বৈঠকে আন্দরকিল্লা শাহী জামে মসজিদের বর্তমান আকার-আকৃতি, ডিজাইন ও স্থাপত্যশৈলী অটুট রেখে আধুনিক স্থাপত্যের ভিত্তিতে আধুনিকায়ন ও সংস্কার করা হবে বলে অভিমত ব্যক্ত করা হয়। বিগত ৭ জানুয়ারি ১৯৬৮ খ্রি. থেকে অত্র মসজিদের ব্যবস্থাপনা ও পরিচালনার দায়িত্বভার ইসলামিক ফাউন্ডেশনের উপর ন্যস্ত হয়। সেই থেকে অত্র মসজিদটি ইসলামিক ফাউন্ডেশন পরিচালনা করে আসছে। এ মসজিদে জুম্মা ও পাঁচওয়াক্ত নামাজ ছাড়াও পবিত্র রমজানে ইফতার, ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে নানামুখী ধর্মীয় অনুষ্ঠানাদি সম্পাদিত হয়ে থাকে।

বৈঠকের সভাপতি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন আন্দরকিল্লা শাহী জামে মসজিদের ইতিহাস ও ঐতিহ্য তুলে ধরে বলেন, এ মসজিদটি মুসলিম সংস্কৃতির প্রাণকেন্দ্র এবং জ্ঞান পিপাসুদের একটি শিক্ষা প্রতিষ্ঠান। এখান থেকে বিচ্ছুরিত জ্ঞানের আলো সমগ্র মুসলিম বিশ্বকে আলোকিত করে। এই মসজিদের যথাযোগ্য রক্ষণাবেক্ষণের কাজ অতিব জরুরী। তিনি এ মসজিদ সংস্কার ও আধুনিকায়নে কুয়েত সরকার ফান্ড সরবরাহ করায় সে দেশের সরকার ও জনগণকে সাধুবাদ জানান।

চট্টগ্রাম- ৪ অক্টোবর ২০১৭খ্রি.

প্রবারণা পূর্ণিমা উপলক্ষ্যে সিটি মেয়রের সাথে সেন্টার অব এক্সিলেন্স ইন বুদ্ধিস্ট স্টাডিজ নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বাংলাদেশে বৌদ্ধ ধর্ম সহ সকল ধর্মের নাগরিকদের সমঅধিকার রয়েছে। ধর্ম যার যার উৎসব সবার। এ নীতিতে বাংলাদেশ বিশ্বাস করে। সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল দৃষ্টান্ত বাংলাদেশ। মেয়র প্রবারণা পূর্ণিমা উৎসব স্বাধীনভাবে উদযাপন করার জন্য বৌদ্ধ সম্প্রদায়ের সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, ধর্মীয় আচার-অনুষ্ঠান সুসম্পাদনে আইন শৃংখলা বাহিনী সার্বক্ষণিক সচেতন রয়েছে। ৪ অক্টোবর ২০১৭ খ্রি. সকালে সেন্টার অব এক্সিলেন্স ইন বুদ্ধিস্ট স্টাডিজ নেতৃবৃন্দ মেয়রের আন্দরকিল্লাস্থ বাসভবনে সৌজন্য সাক্ষাতে গেলে মেয়র এ আহ্বান জানান। সাক্ষাত বৈঠকে সংগঠনের সভাপতি প্রফেসর ড. বিকিরণ প্রসাদ বড়ুয়া, সিনিয়র সহ-সভাপতি প্রফেসর ড. দিপঙ্কর শ্রীজ্ঞান বড়ুয়া, মহাসচিব প্রদীপ কুমার বড়ুয়া আনন্দ, অর্থ সম্পাদক শ্যামল বড়ুয়া, সাংগঠনিক সম্পাদক প্রদীপ বড়ুয়া, দুলাল বড়ুয়া, সুমিত্র বিকাশ বড়ুয়া, অধ্যাপক বিপ্লব বড়ুয়া, প্রনব রাজ বড়ুয়া, শ্যামল চৌধুরীসহ অন্যরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা